



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

পত্র নং-৪৩/সর/পরী/৮৩/ ৮০০

তারিখ: ৩০/১১/২০২০

বিষয়: ২০২০ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকদের নামে বরাদ্দকৃত মূল্যায়নকৃত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।

সূত্র : ৪৩/সর/পরী/৮৩/৮৯৮ তারিখ : ০৫/১০/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২০ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকদের নামে বরাদ্দকৃত উত্তরপত্র মূল্যায়নের পর নীতিমালা অনুযায়ী সংরক্ষণের মেয়াদকাল ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হওয়ার পর তা বোর্ডে ফেরত না দিয়ে বিক্রি করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রধান পরীক্ষক হিসেবে বরাদ্দপ্রাপ্ত মূল্যায়নকৃত উত্তরপত্রের পারিশ্রমিক বিল থেকে হিসাবমতে বিধি মোতাবেক কর্তৃ করে তাঁর সমানী/পরিশ্রমিক বিল ইতোমধ্যে প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, তাঁর নিকট বরাদ্দকৃত উত্তরপত্র বোর্ডে ফেরত দেয়ার প্রয়োজন নেই এবং তা তিনি বিক্রি করে দিতে পারবেন।

মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নে পরীক্ষার উত্তরপত্র বিক্রির নির্দেশ দেয়ার ১৫ (পনের) দিনের মধ্যে প্রচলিত বাজার দরে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্রসমূহ ত্রয় করার জন্য জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট-কে অবহিত করা হয়েছে। উক্ত সময়সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র ত্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত বাজার দরে তা বিক্রয় করতে পারবেন।

## বিক্রয়ের তারিখ:

৩০ নভেম্বর, ২০২০ এর পর।

প্রফেসর তপন কুমার সরকার

সচিব

## প্রাপক:

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০২০ এর সকল প্রধান পরীক্ষক।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৬৯৮১৩ (অফিস)

স্মারক নং- ৪৩/সর/পরী/৮৩/ ৮০০ (৮০০)

তারিখ: ০৫/১১/২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো:

১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপ পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. হিসাবরক্ষণ অফিসার (ব্যয়), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট, ৫/২৯, সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ আল মাসুদ করিম

সচিব মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড